গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা

# নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাহবুব হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ১৩ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বিকাল ৪.০০ মিনিট |
| স্থান | শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, সোনার বাংলা গড়ার প্রত্যয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন করছে। সভাপতির নির্দেশক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর'২০২০) অগ্রগতি প্রতিবেদনের খসড়া প্রস্তুত করা হয়েছে। খসড়া প্রতিবেদনটি পর্যালোচনা ও অনুমোদন করার জন্য এই সভা আহ্বান করা হয়েছে। তিনি খসড়া প্রতিবেদনটি উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ জানান। বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখার সিনিয়র সহকারী সচিব (অ.দা.) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর'২০২০) অগ্রগতি প্রতিবেদনের খসড়া সভায় উপস্থাপন করেন। সভাপতি জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (A.P.A.), জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লিখিত প্রশিক্ষণ কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। বর্তমান করোনা পরিস্থিতির কথা বিবেচনায় এনে অনলাইনে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে তিনি নির্দেশনা প্রদান করেন। ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর'২০২০) অগ্রগতি প্রতিবেদনের খসড়া নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

২. **<u>সিদ্ধান্তসমূহ</u>:**

২.১ ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর'২০২০) অগ্রগতি প্রতিবেদন অনুমোদন করা হয়, যা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে;

২.২ ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা এবং সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থাকে সচেষ্ট থাকতে হবে;

২.৩ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (A.P.A.), জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লিখিত প্রশিক্ষণ কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। করোনা পরিস্থিতি বিবেচনায় এনে প্রশিক্ষণ অনলাইনে আয়োজন করতে হবে।

৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহবুব হোসেন
সচিব

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০১.২০.১৮

তারিখ: ৩০ পৌষ ১৪২৭
১৪ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ।
৪) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬) সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)